বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

৯.১ ভূমিকাঃ

চলচ্চিত্র একটি শক্তিশালী মাধ্যম। এর মাধ্যমে সমাজ ও সভ্যতার বাস্তব চিত্রের প্রতিফলন ঘটে। আর্থ-সামাজিক অবস্থা সেলুলয়েডের ফিতায় আবদ্ধ হয়ে তৈরী হয় চলচ্চিত্র। এসব চলচ্চিত্র যাতে নষ্ট না হয় এবং ভবিষ্যৎ প্রজন্মও যাতে এগুলো ব্যবহার করতে পারে, সেজন্য সুষ্ঠুভাবে সংরক্ষণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ। স্বাধীনতার পর এ দেশের চলচ্চিত্র সংসদ কর্মীরা দেশে একটি ফিল্ম ইনস্টিটিউট ও ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার জন্য উদ্যোগী হন। এরই ধারাবাহিকতায় চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট সামগ্রীর সংগ্রহের মাধ্যমে জাতীয় ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণে দেশের একমাত্র প্রতিষ্ঠান বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠিত হয় ১৯৭৮ সালে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ১৯৮০ সালে ব্রাসেলস্-এ অবস্থিত আন্তর্জাতিক ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF) এর সদস্যপদ লাভ করে। বাংলাদেশসহ বিশ্বের ৮৩টি দেশে ১৩২টি ফিল্ম আর্কাইভ আন্তর্জাতিক ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF) এর সদস্য। এর ফলে Mutual Exchange Programme◎এর আওতায় বিশ্বের প্রায় সকল দেশের আর্কাইভের সংগ্রহে থাকা বিরল চলচ্চিত্রসমূহ সংগ্রহের এক অপূর্ব সুযোগ সৃষ্টি হয়েছে ।

দেশী-বিদেশী দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ করা এবং পদ্ধতিগতভাবে দীর্ঘস্থায়ী সংরক্ষণ করা, নির্দেশনা, শিক্ষা ও গবেষণার জন্য সংগৃহীত ছায়াছবি প্রদর্শনীর ব্যবস্থা করা, দেশে বিদেশী ছবি এবং বিদেশে দেশীয় ছবির জন্য চলচ্চিত্র উৎসবের আয়োজন করা, নিয়মিতভাবে লাইব্রেরিতে আগত পাঠক ও গবেষকদের পাঠের ব্যবস্থা করা, ছায়াছবির ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সভা ইত্যাদির আয়োজন করা এবং ফিল্ম সংক্রান্ত ম্যাগাজিন, বুলেটিন, ক্যাটালগ, সিনোপসিস, সংক্ষিপ্ত চিত্রকাহিনী ইত্যাদি প্রকাশ করাই হলো বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

৯.২ চার্টার অব ডিউটিজঃ

(ক) দেশী-বিদেশী চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ করা, সংগৃহীত ফিল্ম/ছায়াছবি ফিল্ম-ভল্টে নিয়ন্ত্রিত তাপমাত্রায় রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(L) নির্বাচিত ফিল্ম মুদ্রণ, ক্রয় ও বিনিময়ের ব্যবস্থা গ্রহণ;

(গ) সংরক্ষণের উদ্দেশ্যে বিভিন্ন উৎস থেকে ফিল্ম/ছায়াছবি সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) দীর্ঘকালীন সংরক্ষণ, নির্দেশনা, শিক্ষা ও গবেষণার জন্য সংগৃহীত ফিল্ম/ছায়াছবি সময়ে সময়ে পরীক্ষা ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা;

(ঙ) আন্তর্জাতিক ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF)-এর সদস্য আর্কাইভ বা অন্য কোন সূত্র থেকে দুষ্প্রাপ্য ও ধ্রুপদী ফিল্ম সংগ্রহের পদক্ষেপ গ্রহণ;

(চ) চলচ্চিত্রের ছাত্র-ছাত্রী, আর্কাইভের নিজস্ব প্রয়োজনে এমনকি চলচ্চিত্র সমিতিসমূহ, ছায়াছবির নির্মাতা, শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রয়োজনে ছায়াছবি প্রদর্শনীর ব্যবস্থা করা;

(ছ) দেশে বিদেশী ছবি এবং বিদেশে দেশীয় ছবির জন্য চলচ্চিত্র উৎসবের আয়োজন করা;

(জ) ফিল্ম সংক্রান্ত বইয়ের লাইব্রেরির সার্বিক পরিচর্যার জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ ও নিয়মিতভাবে লাইব্রেরির পাঠকদের পাঠের ব্যবস্থা করা;

(ঝ) লাইব্রেরিতে সংরক্ষণের জন্য ফিল্ম সংক্রান্ত গ্রন্থ, সাময়িকী, প্রকাশনা, গানের বই, পোস্টার, প্রচারপত্র, স্থিরচিত্র, পান্ডুলিপি ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহের ব্যবস্থা করা;

(ঞ) নিয়মিতভাবে পাঠকক্ষে পড়াশুনার সুযোগ সম্প্রসারণ এবং চলচ্চিত্র শিল্পের ছাত্র, আর্কাইভের নিজস্ব প্রয়োজন, এমনকি চলচ্চিত্র সমিতি, ছায়াছবির নির্মাতা, শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রয়োজনে মিলনায়তনে ছায়াছবি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ;

(ট) আর্কাইভের মিলনায়তনে ফিল্ম/ছায়াছবির ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, আলোচনা সভা ইত্যাদির আয়োজন করা;

(ঠ) চলচ্চিত্র শিল্পের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা বা ব্যক্তির সাথে যোগাযোগ রক্ষা করা;

(ঢ) ফিল্ম/ছায়াছবি সংক্রান্ত ম্যাগাজিন, বুলেটিন, ক্যাটালগ, সিনোপসিস, সংক্ষিপ্ত চিত্রকাহিনী ইত্যাদি প্রকাশনার ব্যবস্থা করা;

(ড) দক্ষ দপ্তর ব্যবস্থাপনার নিশ্চয়তা বিধান এবং রাজস্ব আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা; এবং

(ণ) সরকারের এবং আন্তর্জাতিক ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF)-এর নিকট উপস্থাপনের জন্য সাময়িক প্রতিবেদন প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণ।

৯.৩ সাংগঠনিক কাঠামো

মহাপরিচালক - ৩৮

কর্মচারীবৃন্দ-৩

১ × মহাপরিচালক

১ × স্টেনো-গ্রাফার

১ × এম.এল.এস.এস

পরিচালক

কর্মচারীবৃন্দ-৩

১ × পরিচালক

১ × স্টেনো-টাইপিস্ট

১ × এম.এল.এস.এস

ফিল্ম অফিসার	লাইব্রেরিয়ান	হিসাব রক্ষণ কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা	স্টোর অফিসার
কর্মচারীবৃন্দ-৭	কর্মচারীবৃন্দ-৩	কর্মচারীবৃন্দ-৪	কর্মচারীবৃন্দ-১১	কর্মচারীবৃন্দ-৭

যানবাহন, মুখ্য যন্ত্রপাতি ও বিবিধ বি

১. যানবাহনঃ

(ক) ১ × মাইক্রোবাস

২. এয়ারকুলারঃ

(ক) ১৫ × এয়ারকুলার

৩. অফিস যন্ত্রপাতিঃ

(ক) ৪ × টাইপ রাইটার

(খ) ৪ × ক্যালকুলেটর

(গ) ১ × ডুপ্লিকেটিং মেশিন

(ঘ) ১ × ফটোকপিয়ার

(ঙ) ১ × ডিস এ্যান্টেনা

১× ফিল্ম অফিসার	১ × লাইব্রেরিয়ান	১× হিসাব রক্ষণ কর্মকর্তা	১ × প্রশাসনিক কর্মকর্তা	১× স্টোর অফিসার	(চ) ১ ভিসিআর, টিভি ভিডিও ক্যামেরা এবং মডিউলেটর সম্পূর্ণ সেটসহ
২× ফিল্ম চেকার	১ × সহঃ লাইব্রেরিয়ান	১× হিসাবরক্ষক	১ × উচ্চমান সহকারী	৩× প্রজেকশনিস্ট	
২× ফিল্ম ইনভেস্টিগেটর	১ × লাইব্রেরি সহকারী	১× নিম্নমান সহকারী তথা- মুদ্রাক্ষরিক	১ × নিম্নমান সহকারী- তথা. দ্রাক্ষরিক	১× স্টোরকিপার	(ছ) ১ × সলাইড প্রজেক্টর
১× এয়ারকন্ডিশনিং সুপারভাইজার		১× ক্যাশ সরকার	১× টেলিফোন অপারেটর	১ × কাউন্টার সহকারী	(জ) ২ × কম্পিউটার
১ × স্টোর কিপার			১ × ডিসপাচ রাইডার	১ × লিডার	(ঝ) ১× ফ্যাক্স
			২ × ইলেকট্রিশিয়ান		
			১ × গাড়ি চালক		
			৩ × নিরাপত্তা প্রহরী		

সংক্ষিপ্ত জনবল

ক্রমিক নং	পদের নাম প্রথম শ্রেণী	অনুমোদিত	বাস্তব	সংশোধিত
১.	মহাপরিচালক	১	১	১
২.	পরিচালক	-	-	১
		১	১	২
৩.	দ্বিতীয় শ্রেণী	৫	৩	৫
৪.	তৃতীয় শ্রেণী	২১	১৭	২৫
৫.	চতুর্থ শ্রেণী	৬	৪	৬
		মোট	২৫	৩৮
	= ৩৩			

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধি, ১৯৮৪

এসআরও নং 108-L/85-১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ কর্মকমিশনের সঙ্গে আলোচনান্তে, নিম্নোক্ত বিধি জারী করিয়াছেনঃ—

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধি, ১৯৮৪

১। **সংক্ষিপ্ত শিরোনাম :**

এই বিধি বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধি, ১৯৮৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ :**

এই বিধিসমূহে বিষয়বস্তু অথবা প্রসঙ্গে যদি কোন স্ববিরোধী না হয় —

(K) ''নিয়োগকারী কর্তৃক'' বলিতে বুঝাইবে সরকার এবং উহার অন্তর্ভুক্ত কোন বিশেষ পদ অথবা ঐ ধরনের পদসমূহে সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগ প্রদানকারী কোন কর্মকর্তা;

(L) ''কমিশন'' বলিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশন বুঝাইবে;

(M) ''আর্কাইভ'' বলিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বুঝাইবে;

(N) ''মন্ত্রণালয়'' বলিতে তথ্য মন্ত্রণালয় বুঝাইবে;

(O) ''শিক্ষানবিস'' বলিতে নির্দিষ্ট কোন স্থায়ী শূন্য পদে শিক্ষানবিস হিসেবে নিয়োজিত কোন ব্যক্তিকে বুঝাইবে;

(P) ''স্বীকৃত বোর্ড'' বলিতে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ড যাহা প্রচলিত আইনের দ্বারা বা অধীনে স্থাপিত এবং সরকার ঘোষিত অন্য যে কোন বোর্ড যাহা কমিশন কর্তৃক স্বীকৃত, এই বিধিসমূহের জন্য স্বীকৃত বোর্ড হিসেবে গণ্য হইবে;

(Q) ‘‘স্বীকৃত বিশ্ববিদ্যালয়’’ বলিতে যে কোন বিশ্ববিদ্যালয় যাহা প্রচলিত আইনের দ্বারা বা অধীনে স্থাপিত এবং সরকার ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় যাহা কমিশন কর্তৃক স্বীকৃত এই বিধির জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় হিসেবে গণ্য হইবে;

(R) ‘‘প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা’’ বলিতে নির্দিষ্ট পদের জন্য তফসিলে বর্ণিত পদের জন্য শিক্ষাগত যোগ্যতা বুঝাইবে;

(S) ‘‘তফসিল’’ বলিতে এই বিধির সঙ্গে সংযোজিত তফসিল বুঝাইবে; এবং

(T) ‘‘নির্দিষ্ট পদ’’ বলিতে তফসিলে উল্লেখিত নির্দিষ্ট পদ বুঝাইবে।

৩। **নিয়োগ পদ্ধতি :**

(১) তফসিলে বর্ণিত বিধান অনুসারে এবং সরকার ঘোষিত কোটা পদ্ধতি অনুসারে নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকিলে নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হইবে না এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঐ পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে হইতে হইবে।

৪। **সরাসরি নিয়োগ :**

(১) কমিশনের সুপারিশ ব্যতীত সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন নির্দিষ্ট পদে নিয়োগ প্রদান করা যাইবে না।

(২) কোন ব্যক্তিকে নির্দিষ্ট পদে নিয়োগ করা যাইবে না, যদি তিনি —

(ক) বাংলাদেশের নাগরিক বা স্থায়ী অধিবাসী না হন; এবং

(খ) বাংলাদেশের নাগরিক নয় এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়াছেন অথবা বিবাহ বন্ধনে আবদ্ধ হইতে প্রতিশ্রুতিবদ্ধ হইয়াছেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি না —

(ক) নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তি সরকারের স্বাস্থ্য বিভাগের মহাপরিচালক কর্তৃক এই উদ্দেশ্য স্থাপিত অথবা প্রদত্ত ক্ষমতা অনুযায়ী মেডিকেল অফিসার কর্তৃক এই নিয়োগের জন্য শারীরিকভাবে উপযুক্ত এবং তিনি কোন প্রকার শারীরিক ত্রুটিতে ভুগিতেছেন না যাহা ঐ নির্দিষ্ট পদের জন্য তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি করিতে পারে এই মর্মে প্রত্যয়ন করা না হয়; এবং

(খ) নির্বাচিত প্রার্থীর পূর্বপরিচয় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিপাদন করার পর প্রজাতন্ত্রের চাকুরীর জন্য উপযুক্ত হইবেন।

(৪) কোন ব্যক্তিকে নিয়োগের জন্য কোন নির্দিষ্ট পদে মনোনীত করা যাইবে না, যদি না—

(ক) কমিশন কর্তৃক কোন নির্দিষ্ট পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি জারী হওয়ার পর প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে ফিসহ নির্ধারিত ফরমে আবেদন না করেন; এবং

(খ) সরকারী বা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরীরত প্রার্থীরা তাহার উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ :**

(১) কোন নির্দিষ্ট পদের জন্য পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে এই কাজের জন্য সরকার গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটি বা সুপিরিয়র সিলেকশন বোর্ডের অনুমোদনের প্রয়োজন হইবে। কোন উচ্চতর শ্রেণীর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য কমিশনের সুপারিশ প্রয়োজন হইবে।

(২) কোন ব্যক্তি কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য হইবে না যদি তাহার চাকুরীর রেকর্ড অসন্তোষজনক হয়।

৬। **শিক্ষানবিসকাল :**

(১) কোন নির্দিষ্ট পদের জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ স্থায়ী শূন্য পদে, প্রয়োজনে বদলী ব্যতীত, শিক্ষানবিস হিসাবে নিয়োজিত হইবেনঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের জন্য ২ বৎসর সময়; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে ঐ নিয়োগের তারিখ হইতে ১ বৎসরকাল পর্যন্ত। নিয়োগকারী কর্তৃপক্ষ লিখিত রেকর্ড সাপেক্ষে শিক্ষানবিসকাল একটি নির্দিষ্ট সময়-এর (অথবা সময়সমূহের) জন্য বর্ধিত করিতে পারিবেন যাহা সর্বমোট ২ বৎসরের বেশী হইতে পারিবে না।

(২) শিক্ষানবিসির শিক্ষানবিস সময়ে যদি নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ এবং কাজ অসন্তোষজনক অথবা তাহার দক্ষতা অর্জনের কোন সম্ভাবনা নাই, সেই সময় অতিক্রম হওয়ার পূর্বেই—

(K) সরাসরি নিয়োগের ক্ষেত্রে চাকুরীচ্যুতি; এবং

(L) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পুনঃপ্রত্যাবর্তন করা হইবে।

(৩) শিক্ষানবিসকাল সমাপ্তির পর বর্ধিত সময়, যদি থাকে, সংযুক্ত করিয়া নিয়োগকারী কর্তৃপক্ষ—

(K) শিক্ষানবিসকালীন সময়ে তাহার আচরণ এবং কাজ যদি সন্তোষজনক প্রতীয়মান হয়, উপ-বিধি ৪ সাপেক্ষে তাহাকে নিয়মিত নিয়োগ প্রদান করা হইবে; এবং

(খ) শিক্ষানবিসকালীন সময়ে যদি শিক্ষানবিসীর আচরণ এবং কাজ অসন্তোষজনক প্রতীয়মান হয় তাহা হইলে—

(১) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীচ্যুতি; এবং

(২) পদোন্নতির ক্ষেত্রে যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পুনঃপ্রত্যাবর্তন করা হইবে।

(৪) একজন শিক্ষানবিসীকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী নিয়োগ প্রদান করা হইবে না যদি না তিনি সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দিষ্ট আদেশবলে অনুষ্ঠিত কোন পরীক্ষায় উত্তীর্ণ না হন অথবা নির্দিষ্ট কোন প্রশিক্ষণ গ্রহণ না করেন।

সিডিউল

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১।	ফিল্ম অফিসার	৩০ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় শিথিলযোগ্য।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশনিস্ট, ফিল্ম চেকার, এয়ারকন্ডিশনিং সুপারভাইজার এবং ফিল্ম ইনভেস্টিগেটরদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। যদি পদোন্নতির মাধ্যমে নিয়োগের উপযুক্ত প্রার্থী পাওয়া না যায় তবে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। ফিল্ম সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। (২) সিনেমাটোগ্রাফিতে প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২।	প্রশাসনিক কর্মকর্তা	৩০ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রেঃ** উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার হিসাবে প্রশাসন কাজে সুষ্ঠু জ্ঞানসহ কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত

				বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
১	২	৩	৪	৫
৩।	হিসাবরক্ষণ কর্মকর্তা	২৭ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) হিসাবরক্ষক (উচ্চমান সহকারী)-এর মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা । (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী । (২) হিসাব রক্ষণ কাজে এবং সরকারী আর্থিক বিষয়ে নিয়মকানুন ও বাজেটিং-এ ২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪।	স্টোর অফিসার	২৭ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) স্টোর কিপার পদ থেকে পদোন্নতির মাধ্যমে । (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী । (২) স্টোরে সকল দ্রব্যাদি রক্ষণাবেক্ষণ, ফিল্ম সামগ্রী,অডিও ভিজুয়াল

সামগ্রী ও কাঁচামাল সংগ্রহ এবং রক্ষণাবেক্ষণে ৩ বৎসরের অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
৫। ৭৯	লাইব্রেরীয়ান	২৭ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) সহকারী লাইব্রেরীয়ান পদ থেকে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সাইন্সে মাষ্টার ডিগ্রী। **অথবা** কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে মাষ্টার ডিগ্রী এবং লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। অথবা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর ডিগ্রীসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা এবং কমপক্ষে এক বৎসরের লাইব্রেরী কাজে অভিজ্ঞতা ।
৬।	প্রজেকশনিস্ট	৩০ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) ইলেকট্রিশিয়ান পদ থেকে এক তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির কোন যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। (২) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা । (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা। (২) প্রজেকশনিস্ট এবং ফিল্ম চেকিংয়ে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। (৩) প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রপাতির ত্রুটি নিরূপণ, রক্ষণাবেক্ষণ ও মেরামতের যোগ্যতা থাকিতে হইবে। **অথবা** ১। ম্যাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায়

				পাশ। ২। সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিশিয়ান হিসেবে সার্টিফিকেট প্রাপ্ত। ৩। প্রজেকশনিস্ট এবং ফিল্ম চেকিংয়ে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ প্রজেকশনিস্ট হিসেবে সার্টিফিকেট প্রাপ্ত। ৪। প্রজেক্টরসহ অন্যান্য যন্ত্রপাতির ত্রুটি নিরূপণ, রক্ষণাবেক্ষণ ও মেরামতের যোগ্যতা থাকিতে হইবে।

১	২	৩	৪	৫
৭।	ফিল্ম চেকার	৩০ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) ইলেকট্রিশিয়ান পদ থেকে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে রসায়ন প্রকৌশলে ডিপ্লোমা। (২) ফিল্ম চেকার/ প্রজেকশনিস্ট হিসেবে ২ বৎসরের অভিজ্ঞতাসহ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত, ফিল্ম ক্লিনিং ও সংরক্ষণের জ্ঞান থাকিতে হইবে। **অথবা** ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস। ২। সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিশিয়ান হিসেবে সার্টিফিকেট প্রাপ্ত। ৩। প্রজেকশন এবং ফিল্ম চেকিং-এ কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ সকল যন্ত্রপাতি

				রক্ষণাবেক্ষণ, মেরামত, ফিল্ম ক্লিনিং ও সংরক্ষণের জ্ঞান থাকিতে হইবে।
৮।	এয়ারকন্ডিশনিং সুপারভাইজার।	৩০ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(১) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। (২) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে এয়ারকন্ডিশনিং-এ ডিপ্লোমা। (৩) এয়ারকন্ডিশনিং ও ডি-হিউমিডিফায়ার রক্ষণাবেক্ষণ, মেরামত ও সার্ভিসিং-এ ২ বৎসরের অভিজ্ঞতা।
১	২	৩	৪	৫
৯।	ফিল্ম ইনভেস্টিগেটর	২৫ বৎসরের উর্দ্ধে নয়।	(১) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সহকারী লাইব্রেরীয়ান, স্টোর কিপারের মধ্যে হইতে শতকরা ৫০% ভাগ পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে। (৩) শতকরা ৫০% ভাগ সরাসরি নিয়োগ।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। ২। সংরক্ষণের জন্য চলচ্চিত্র, চলচ্চিত্র সংক্রান্ত সকল দ্রব্যাদি বিভিন্ন স্থান হইতে সংগ্রহ করার অভিজ্ঞতা বা চলচ্চিত্র শিল্পের সহিত সংশ্লিষ্ট প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১০।	স্টেনোগ্রাফার	ঐ	প্রচলিত সরকারী বিধি অনুযায়ী	সরকার নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা প্রযোজ্য হবে।
১১।	স্টোরকিপার	২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বৎসর পর্যন্ত	(১) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদ থেকে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) অনুমোদিত

		শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। (২) স্টোরে সকল দ্রব্যাদির সংরক্ষণ এবং চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী রক্ষণাবেক্ষণে অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য।
১২।	সহকারী লাইব্রেরীয়ান	২৫ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	(১) গ্রন্থাগার সহকারী (নিম্নমান সহকারী)এবং কাউন্টার সহকারীর পদ থেকে পদোন্নতির মাধ্যমে । (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা । (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) স্নাতক ডিগ্রী এবং লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট বা ডিপ্লোমা । **অথবা** (২) এইচ, এস, সি এবং লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট এবং ২ বছরের অভিজ্ঞতা (৩) লাইব্রেরীর কাজে এবং টাইপিং-এর অভিজ্ঞতা অগ্রধিকার যোগ্য।
১	২	৩	৪	৫
১৩।	টেলিফোন অপারেটর	২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	(১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। (২) টেলিফোন অপারেটর এবং অভ্যর্থনাকারী হিসেবে অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য।
১৪।	উচ্চমান সহকারী/ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের শাখা সহকারী	--	সরকারী প্রচলিত বিধি অনুযায়ী	--
১৫।	একাউন্টেন্ট (ইউ,ডি,এ)	২৫ বৎসরের উর্দ্ধে নয়। সরকারী	(১) বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিম্নমান সহকারী-কাম-	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** (১) ফিডার পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা ।

		চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	মুদ্রাক্ষরিকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। (২) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(২) হিসাব সংক্রান্ত যাবতীয় কাজকর্ম ও সরকারী বাজেটিং-এ এবং আর্থিক নিয়ম-কানুন সম্পর্কে জ্ঞান। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**(১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। (২) বাজেটিং এবং সরকারী আর্থিক নিয়ম-কানুন সম্পর্কে জ্ঞান ও হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে অগ্রাধিকার যোগ্য।
১৬।	স্টেনো-টাইপিস্ট	--	সরকারী প্রচলিত বিধি অনুযায়ী	
১৭।	মটর ড্রাইভার (হেভী)	৩০ বৎসরের উর্ধে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** (১) কমপক্ষে অষ্টম শ্রেণী। (২) মটর ড্রাইভার হিসাবে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ভারী যানবাহন চালানোর বৈধ লাইলেন্সের অধিকারী। (৩) মটর মেকানিক হিসাবে বাস্তব অভিজ্ঞতা এবং ছোট-খাট ত্রুটি মেরামতের ক্ষমতা থাকিতে হইবে।
১৮।	এল,ডি,এ-কাম-টাইপিষ্ট	--	সরকারী প্রচলিত বিধি অনুযায়ী	

১	২	৩	৪	৫
১৯।	কাউন্টার সহকারী	২৫ বৎসরের উর্ধে নয়।	(১) লীডার ও ক্যাশ সরকারের পদ থেকে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিডার পদে তিন বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (১) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। (২) বই-পত্র এবং ফিল্ম রক্ষণাবেক্ষণ সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক। (৩) বইপত্র বাছাই,ক্যাটালগিং, টাইপিং এবং বইপত্র

				বাঁধাইয়ের জ্ঞান অগ্রাধিকারযোগ্য ।
২০।	লাইব্রেরী সহকারী (নিম্নমান সহকারী)	১৮ থেকে ২৫ বৎসর। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	(১) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। (২) গ্রন্থাগার বিজ্ঞানে সনদধারী ও বইপত্র বাছাই, ক্যাটালগিং,টাইপিং এবং বইপত্র বাঁধাইয়ের জ্ঞান অগ্রাধিকারযোগ্য।
২১।	ইলেকট্রিশিয়ান	ঐ	ঐ	(১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট । (২) কোন অনুমোদিত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত অথবা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হইতে সার্টিফিকেট ও বিদ্যুৎ বিষয়ে লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে ।
২২।	ডেসপাচ রাইডার	--	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম, এল, এস, এস/ নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	ফিডার পদে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মটর সাইকেল চালানোর লাইসেন্সের অধিকারী হইতে হইবে।
২৩।	ক্যাশ সরকার	২৫ বৎসরের উর্ধ্বে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম, এল, এস, এস/ নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	(১) ফিডার পদসমূহে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। (২) মহাহিসাব রক্ষকের কার্যালয়ে বিল জমা দেওয়া, নেওয়া, চেক সংগ্রহ করা এবং চেকসমূহ, নগদ অথবা ব্যাংকে জমা দেওয়া ও উত্তোলনের অভিজ্ঞতা।
১	২	৩	৪	৫
২৪।	লীডার	২৫ বৎসরের উর্ধ্বে নয়। সরকারী চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এম, এল, এস, এস/ নিরাপত্তা প্রহরী পদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রেঃ** ফিল্ম ক্যানসমূহ ফিল্ম ভল্টে রাখা, প্রয়োজনে দেওয়া-নেওয়া যোগ্যতাসহ ৪ নং কলামে উল্লেখিত ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা। (খ) **সরাসরি নিয়োগের**

				ক্ষেত্রেঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। (২) ফিল্ম ক্যানসমূহ ফিল্ম ভল্টে রাখা, প্রয়োজনে দেওয়া-নেওয়া এর ক্ষেত্রে অভিজ্ঞতা এবং ফিল্মসমূহ পরিষ্কার ও সংরক্ষণ জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২৫।	এম, এল, এস, এস	১৮ থেকে ২৫ বৎসর। আর্কাইভের কর্মচারীদের বেলায় বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	(১) কমপক্ষে অষ্টম শ্রেণী। (২) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২৬।	সিকিউরিটি গার্ড	১৮ থেকে ২৫ বৎসর। আর্কাইভের কর্মচারীদের বেলায় এবং অবসরপ্রাপ্ত সামরিক বা পুলিশ কর্মচারী বা আনসার বা বি.ডি.আর প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে	(১) কমপক্ষে অষ্টম শ্রেণী। (২) অবসরপ্রাপ্ত সামরিক বাহিনী/আধা-সামরিক বাহিনীর সদস্যগণ/ সিকিউরিটি গার্ড বা এম. এল, এস, এস, হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মণযুর উল-করিম

সচিব।

[বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, সোমবার, মার্চ ৪, ১৯৮৫ সালে প্রকাশিত]